

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫৫৯

সোনামুড়া, ১২, জানুয়ারি, ২০২৪

**বিকশিত ভারত সংকল্প যাত্রা  
ধনীরামপুর ভিলেজে বিকাশ শিবির**

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সম্প্রতি বক্সনগর ব্লকের ধনীরামপুর ভিলেজে বিকাশ শিবির অনুষ্ঠিত হয়েছে। শিবিরে ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনে ২টি মহিলা পরিচালিত স্বসহায়ক দলকে পুরস্কৃত করা হয়। সোনামুড়া মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ১২টি পিআরটিসি, ৫টি এসটি, ৩টি ম্যারেজ এবং ১০টি ইনকাম সার্টিফিকেট পাওয়ার আবেদনপত্র গ্রহণ করা হয়। তাছাড়া শিবিরে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের পক্ষ থেকে ৪ জন খেলোয়াড় এবং শিক্ষা দপ্তরের পক্ষ থেকে ৩ জন ছাত্রছাত্রীকে পুরস্কৃত করা হয়। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের পক্ষ থেকে ৬ জন গর্ভবতী মহিলাকে পোষণ কিটস দেওয়া হয়।

\*\*\*\*\*